ক্যান্সার চিকিৎসায় বাংলাদেশে নতুন প্রযুক্তি

ক্যান্সার মানেই মৃত্যু; আধুনিক চিকিৎসা বিজ্ঞান আর প্রযুক্তি সেই ধারণা খানিকটা বদলাতে পারলেও এখনো বিশ্বজুড়ে ২য় সর্বোচ্চ মৃত্যু ঘটে এই রোগেই। বিশ্ব স্বাস্থ্য সংস্থার হিসেব বলছে, শুধু ২০১৮ সালেই প্রায় ১ কোটি লোক মারা গিয়েছে ক্যান্সারে। অর্থাৎ প্রতি ছয়জনে একজন।

বাংলাদেশে ২০১৮ সালে নতুন করে কর্কটরোগে আক্রান্ত হন দেড় লাখের উপর মানুষ। আর মারা যান এক লাখের উপর। এর একটা বড় কারণ মনে করা হয় ক্যান্সার চিকিৎসায় বাংলাদেশের সীমাবদ্ধতা।

সীমিত আকারে কেমো আর রেডিও থেরাপির পাশাপাশি খুবই সম্প্রতি দেশের দু-একটি প্রতিষ্ঠানে যুক্ত হয় বোন ম্যারো ট্রান্সপ্ল্যান্ট। তবে এক্ষেত্রে প্রযুক্তিগত সীমাবদ্ধতা থেকেই গেছে।
আধুনিক যন্ত্রপাতি স্থাপন এবং সেগুলো পরিচালনার যথাযথ পরিবেশ সবসময়ই বড় চ্যালেঞ্জ। এর মাঝেই বাংলাদেশের একটি বেসরকারি হাসপাতাল ক্যান্সার চিকিৎসায় প্রথমবারের মতো সংযোজন করেছে টোটাল বডি রেডিয়েশন বা টিবিআই।

এভারকেয়ার হাসপাতালের হেমাটোলজি ও স্টেম সেল ট্রান্সপ্ল্যান্ট বিভাগের সিনিয়র কনসালটেন্ট ডা. আবু জাফর মোহাম্মদ সালেহ’র হাত ধরেই এর কার্যক্রম এগিয়ে যাচ্ছে।

ডা. আবু জাফর মোহাম্মদ সালেহ বলেন, এই পদ্ধতিতে কেমোথেরাপির পাশাপাশি যে রেডিয়েশনের প্রয়োজন হয় তা নরমাল রেডিয়েশন নয়, এটা হল টোটাল বডি রেডিয়েশন। রোগীর সারা শরীরে নির্দিষ্ট মাত্রায় রেডিয়েশন দেওয়া হয়। এটা যে আমরা প্রথম চালু করতে পেরেছি যার কারণে আমরা এখন অনেকগুলো রোগ যেগুলো আগে কেমোথেরাপি দিয়ে ঠিক করা যেত না। রেডিয়েশনটা দেওয়ার জন্য খুব হাইটেক মেশিনের প্রয়োজন হয়। এর জন্য বিশেষ একটা রুম থাকতে হবে। এই পদ্ধতিতে রোগীকে এমন রুমে রাখা হয় যেখানে যেকেউ ঢুকতে পারবে না। এই বিশেষ রুমে খাবার বা পানি সরবরাহের ক্ষেত্রেও রয়েছে বিষেশ ব্যবস্থা।

টিবিআই প্রশস্ত করেছে দেশেই সব ধরণের বোন ম্যারো

ট্রান্সপ্ল্যান্টের পথ। সংক্ষেপে বিএমটি বা অস্থিমজ্জা প্রতিস্থাপন দুভাবে হয়ে থাকে। একটা অটোলেগাস যেখানে রোগীর শরীরের এক অংশ থেকে স্টেমসেল নিয়ে আবার তার শরীরেই দেয়া হয়। অন্যটি অ্যালোজেনিক অর্থাৎ আরেকজনের শরীর থেকে।

তবে ক্যান্সার চিকিৎসায় সবশেষ যেটি যুক্ত হয়েছে তা হল হ্যাপলোট্রান্সপ্ল্যান্ট। বাংলাদেশে সম্প্রতি যেটার প্রথম সফল প্রতিস্থাপন হয়েছে ডা. আবু জাফর মোহাম্মদ সালেহ এর মাধ্যমেই।

সূত্র: বিবিসি বাংলা

বাইডেনকে মোদির ফোন: কথা হল যেসব বিষয় নিয়ে

আগেই শুভেচ্ছা জানিয়েছিলেন। তবে জো বাইডেনের সঙ্গে কথোপকথন হয়নি। অবশেষে নব-নির্বাচিত মার্কিন প্রেসিডেন্টের সঙ্গে ফোনালাপ সারলেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। করোনাভাইরাস মহামারী, জলবায়ু পরিবর্তন এবং ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে সহযোগিতার মতো বিষয় নিয়ে আলোচনা করলেন তারা।

মঙ্গলবার দিবাগত রাত ১১টা ৪০ মিনিট নাগাদ টুইটারে মোদি বলেন, “অভিনন্দন জানানোর জন্য নব-নির্বাচিত মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেনের সঙ্গে ফোনে কথা বললাম। ইন্দো-মার্কিন কৌশলগত সম্পর্কের প্রতি আমাদের দৃঢ় প্রতিজ্ঞায় জোর দিলাম। করোনাভাইরাস মহামারী, জলবায়ু পরিবর্তন এবং ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে সহযোগিতার মতো বিষয়ে দু’পক্ষের অগ্রাধিকার এবং উদ্বেগ নিয়ে আলোচনা করলাম।”

মোদি এবং বাইডেন আর কী কী বিষয়ে কথা বলেছেন সে ব্যাপারে বিস্তারিতভাবে এখনও কিছু জানানো হয়নি। তবে ট্রাম্প-পরবর্তী মার্কিন প্রশাসনের সঙ্গে জলবায়ু পরিবর্তন নিয়ে যে আলোচনা চালিয়ে যাবে ভারত, তা স্পষ্ট করে দিয়েছেন মোদি। বরাবরই প্যারিস জলবায়ু চুক্তি নিয়ে বিস্তর অভিযোগ তুলেছেন বর্তমান মার্কিন প্রেসিডেন্ট

ডোনাল্ড ট্রাম্প। ভারত-চীনের মতো দেশকে বাড়তি সুবিধা দেওয়া হচ্ছে বলে গোঁসা করেছেন। এমনকী প্যারিস চুক্তি থেকে বেরিয়ে যাওয়ার স্বপক্ষে যুক্তি হাতড়াতে গিয়ে মার্কিন প্রেসিডেন্টের নির্বাচনী প্রচারে ভারতকে ‘নোংরা’ বলেছিলেন ট্রাম্প। সেই সময়ও ভারতকে ‘বন্ধু’ হিসেবে ট্রাম্পকে কটাক্ষ করেছিলেন বাইডেন। সেক্ষেত্রে প্যারিস জলবায়ু চুক্তিতে আবারও আমেরিকার স্বাক্ষরের সম্ভাবনাও আছে বলে মত সংশ্লিষ্ট মহলের।

ভারত-মার্কিন পারস্পরিক সম্পর্কের বিষয়ে আলোচনার পাশাপাশি বাইডেনের ডেপুটি কমলা হ্যারিসকেও অভিনন্দন জানান মোদি। টুইটারে সে কথা জানিয়ে মোদি বলেন, “নব-নির্বাচিত মার্কিন ভাইস-প্রেসিডেন্ট কমলা হ্যারিসকেও উষ্ণ অভিনন্দন জানানোর কথা বলেছি। প্রাণবন্ত ভারতীয়-মার্কিন গোষ্ঠীর কাছে তার সাফল্য অত্যন্ত গর্বের এবং অনুপ্রেরণামূলক। যারা ইন্দো-মার্কিন সম্পর্কের ক্ষেত্রে অত্যন্ত গুরুত্বপূর্ণ চালিকাশক্তি।” সূত্র: হিন্দুস্তান টাইমস

ভোটের ফল নিয়ে দ্বিমত, সাইবার সিকিউরিটির প্রধানকে বরখাস্ত করলেন ট্রাম্প

এবার মাকির্ন সাইবার সিকিউরিটি অ্যান্ড ইনফ্রাস্ট্রাকচার সিকিউরিটি এজেন্সির (সিআইএসএ) প্রধান ক্রিস ক্রেবসকে বরখাস্ত করেছেন ডোনাল্ড ট্রাম্প।

মঙ্গলবার রাতে ক্রেবসকে বরখাস্ত করেন ট্রাম্প।

প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেছেন, নির্বাচনের অখণ্ডতা নিয়ে ‘অত্যন্ত ভুল’ মন্তব্য করেছিলেন ক্রিস ক্রেবস। সে কারণেই তাকে বরখাস্ত করা হয়েছে।

৩ নভেম্বরের সিআইএসএর পক্ষ থেকে নির্বাচনকে, ‘যুক্তরাষ্ট্রের

ইতিহাসে সবচেয়ে সুরক্ষিত নির্বাচন’ বলে বিবৃতি দেওয়া হয়েছিল। নির্বাচনে কোনো ভোট মুছে যাওয়া, বাতিল হওয়া বা অন্য কোনো ধরনের জালিয়াতির প্রমাণ পাওয়া যায়নি বলে বলা হয়েছিল।

সিআইএসএর পক্ষ থেকে এমন বিবৃতি আসায় ক্ষুব্ধ হন ট্রাম্প। মঙ্গলবার রাতে ক্রেবসকে বহিষ্কারের কথা জানিয়ে ট্রাম্প আবার তার টুইট বার্তায় দাবি করেন, ভোটে ব্যাপক কারচুপি হয়েছে।

গত ৩ নভেম্বর যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। নির্বাচনের পর থেকেই ভোট জালিয়াতির অভিযোগ তুলে আসছেন ট্রাম্প। এই নির্বাচনে ৩০৬টি ইলেকটোরাল ভোট পেয়ে জয় নিশ্চিত করেছেন বাইডেন। অপরদিকে ট্রাম্প পেয়েছেন ২৩২টি ভোট।

মার্কিন গণমাধ্যমগুলোতে এর মধ্যেই বাইডেনকে জয়ী হিসেবে ঘোষণা করা হয়েছে। কিন্তু নিজের পরাজয় কিছুতেই মেনে নিতে পারছেন না ট্রাম্প। তিনি নির্বাচনের ফলাফলকে চ্যালেঞ্জ করেছেন।

উরুগুয়েকে হারিয়ে বিশ্বকাপ বাছাইপর্বে শীর্ষে ব্রাজিল

লাতিন আমেরিকা অঞ্চলের বিশ্বকাপ বাছাইয়ে উরুগুয়েকে হারিয়ে বিশ্বকাপ বাছাইপর্বে শতভাগ সাফল্য ধরে রেখেছে ব্রাজিল।

বাংলাদেশ সময় বুধবার ভোরে উরুগুয়েকে তাদেরই মাঠে ০-২ গোলে হারিয়ে চার ম্যাচে চতুর্থ জয় নিয়েই মাঠ ছেড়েছে পাঁচবারের বিশ্বচ্যাম্পিয়নরা। আর্থুর মেলো গোলে তারা এগিয়ে যাওয়ার পর ব্যবধান দ্বিগুণ করেন রিচার্লিসন।

ম্যাচের পাঁচ মিনিটের প্রথম সুযোগটা অবশ্য তৈরি করেছিল উরুগুয়েই। ডি-বক্সের বাম পাশ দিয়ে ঢুকে কাছের পোস্ট দিয়েই শট নিয়েছিলেন ডারউইন নুনেজ। কিন্তু সেটি প্রতিহত হয় পোস্টে লেগে। এর মিনিট দুয়েক পর ২৫ গজ দূর থেকে ফ্রি-কিক পায় ব্রাজিল। যেটি কাজে লাগাতে পারেননি ডগলাস লুইজ।

ব্রাজিলের সামনে এমন সুযোগ আসে আরও বেশ কয়েকবার। কিন্তু ফাইনাল থার্ডে গিয়ে খেই হারিয়ে ফেলায় গোল পায়নি তারা। উল্টো ব্রাজিলের ফ্রি-কিক থেকে কাউন্টার অ্যাটাক করে ভয় ধরিয়ে দিয়েছিলেন উরুগুয়ের স্ট্রাইকার এডিনসন কাভানি। গোলরক্ষক এডারসনের ক্ষিপ্রতায় সে যাত্রায় রক্ষা পায় ব্রাজিল।

ব্রাজিলের প্রথম গোল পেতে অপেক্ষা করতে হয় ৩৪ মিনিট পর্যন্ত। ডানপ্রান্ত থেকে ক্রস বাড়িয়েছিলেন গ্যাব্রিয়েল হেসুস, ডি-বক্সের ভেতরে ঠিকঠাক ক্লিয়ার করতে পারেনি উরুগুয়ে। ফলে ফাঁকায় পেয়ে যান মিডফিল্ডার আর্থুর মেলো। নিকটবর্তী ডিফেন্ডারকে পাশ কাটিয়ে বাম পাশের পোস্ট দিয়ে বল জালে জড়ান মেলো।

গোল হজম করে ম্যাচে সমতা ফেরাতে মরিয়া হয়ে পড়ে উরুগুয়ে। কিন্তু উল্টো ৪৫ মিনিটের সময় দ্বিতীয় গোল হজম করে তারা। ডি-বক্সের বাইরে পাওয়া ফ্রি-কিক থেকে বল পান রেনান লোদি। তার বাড়ানো ক্রসে মাথা ছুঁইয়ে ব্যবধান দ্বিগুণ করেন রিচার্লিসন। এ গোলের ফলে প্রথমার্ধেই যেন ম্যাচের ফল ঠিক করে ফেলে ব্রাজিল।

তবে বিরতিতে যাওয়ার আগেই ব্রাজিল শিবিরে কাপন ধরিয়েছিল উরুগুয়ে। অতিরিক্ত যোগ করা তৃতীয় মিনিটে ম্যাচের প্রথম হলুদ কার্ড দেখেন ডগলাস লুইজ, বিপজ্জনক জায়গায় ফ্রি-কিক পায় স্বাগতিকরা। সেই ফ্রি-কিক থেকে উড়ে আসা বলে দারুণ এক হেড করেছিলেন গডিন। অসামান্য দক্ষতায় সেটিতে হাত ছুঁইয়ে বারের ওপর দিয়ে পাঠিয়ে দেন ব্রাজিল গোলরক্ষক।

দ্বিতীয়ার্ধে ফিরে নিজের প্রথমার্ধের ধারেকাছেও খেলতে পারেনি উরুগুয়ে। উল্টো ৭১ মিনিটের সময় লাল কার্ড দেখেন কাভানি। যার ফলে দশজনের দলে পরিণত হয় উরুগুয়ে। তবে এ সুযোগ কাজে লাগাতে পারেনি ব্রাজিল, ম্যাচে হয়নি আর কোনো গোল।

এ জয়ে পয়েন্ট টেবিলের শীর্ষস্থান ধরে রাখল ব্রাজিল। ৪ ম্যাচে পূর্ণাঙ্গ ১২ পয়েন্ট পাঁচবারের বিশ্বচ্যাম্পিয়নদের।

গাংনী সীমান্তে ফেন্সিডিলসহ মাদক পাচারকারী আটক

মেহেরপুরের গাংনী সীমান্তে পৃথক অভিযানে ফেন্সিডিলসহ বহর আলী
(২৫) নামের এক মাদক পাচারকারীকে আটক করেছে বিজিবি। গতকাল দুপুরে উপজেলার তেঁতুলবাড়িয়া মাঠ থেকে তাকে আটক করা হয়।

আটককৃত বহর আলী মথুরাপুর গ্রামের রবিউল ইসলামের ছেলে।

কুষ্টিয়া ব্যাটালিয়ন (৪৭ বিজিবি) অধিনায়ক লে: কর্নেল ফরহান হারুন চৌধুরী জানান, তেঁতুলবাড়ী বিওপি’র টহল কমান্ডার হাবিলদার মোঃ মজিবুর রহমান এর নেতৃত্বে বাংলাদেশের অভ্যন্তরে তেঁতুলবাড়ীয়া মাঠ নামক স্থানে মাদক বিরোধী অভিযান পরিচালনা করে একজন আসামিসহ ভারতীয় ৮৯ বোতল ফেন্সিডিল উদ্ধার করা হয়।

অপরদিকে তেঁতুলবাড়ী বিওপি’র টহল কমান্ডার নায়েব সুবেদার মোঃ মহিউদ্দিন এর নেতৃত্বে বাংলাদেশের অভ্যন্তরে ইসলামপুর মাঠ নামক স্থানে মাদক বিরোধী অভিযান পরিচালনা করে মালিকবিহীন অবস্থায় ভারতীয় ৮৮বোতল ফেন্সিডিল উদ্ধার উদ্ধার করা হয়।

উদ্ধারকৃত ফেন্সিডিলের আনুমানিক মূল্য ১ লাখ ৪২ হাজার টাকা। এদিকে গাংনী থানা সূত্র জানায়, ৮৯ বোতল ফেন্সিডিল উদ্ধারের ঘটনায় বহর আলীকে আসামি করে গাংনী থানায় একটি মামলা করেছে বিজিবি।

চুয়াডাঙ্গা তারেক জিয়ার জন্মদিন পালনে পুলিশি বাধা

চুয়াডাঙ্গায় তারেক জিয়ার জন্মদিন উপলক্ষে এক আনন্দ মিছিলের আয়োজন করে চুয়াডাঙ্গা জেলা বিএনপি।

গতকাল বিকাল ৪ টার সময় চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদ চত্বরে সমবেত হয়ে মিছিল নিয়ে প্রধান সড়কে উঠলে পুলিশের বাধায় তা পন্ড হয়।

পরে সাহিত্য পরিষদ চত্বেও জেলা যুবদলের যুগ্মসম্পাদক ও চিতলা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুল সালাম বিপ্লব এর সভাপতিত্বে এক বিক্ষব সমাবেশে অনুষ্ঠিত হয়।

এ সময় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন, জেলা যুবদলের সাংগঠনিক সম্পাদক জাহেদ মোহাম্মদ রাজিব খান।

আরো বক্তব্য রাখেন চুয়াডাঙ্গা জেলা যুবদলের সহ-সভাপতি তরিকুল ইসলাম সোহেল, সহ-সাংগঠনিক সম্পাদক মোখলেছুর রহমান মুকুল, জেলা যুবদলের সদস্য খায়রুল আলম, রফিকুল ইসলাম, চৌধুরী আলম বাবু, নাজমুল হক, সদর থানা যুবদলের নেতা ইমরান মহলদার রিন্টু, হামিদুল ইসলাম হামিদ, হাবিবুর রহমান জোয়ার্দার মানিক, আবু হেনা,

পৌর যুবদলের যুগ্ম আহবায়ক অপু মালিক, আলমডাঙ্গা পৌর যুবদলের সদস্য সচিব মো: সাইফুদ্দিন আলম কনক, যুগ্ম আহবায়ক হাফিজুর রহমান, রোকনুজ্জামান রোকন, শামিম হাসান, সুমন, হাসান মালিক, আজিজুল আজিজ, শিপলু, আব্দুল সামাদ, ফজলু, মামুন, ফারুক প্রমুখ।

মাহবুব উল আলম হানিফ’র সুস্থতা কামনায় দোয়া মাহফিল

বাংলাদেশ আওয়ামী লীগের যুগ্ম-সাধারণ সম্পাদক ও কুষ্টিয়া-৩ আসনের সংসদ সদস্য মাহবুব উল আলম হানিফ’র সুস্থতা ও দীর্ঘায়ু কামনায় দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

কুষ্টিয়া সিটি কলেজের আয়োজনে মঙ্গলবার সকালে জেলা কলেজ মিলনায়তনে এ দোয়া মোনাজাত পরিচালনা করা হয়।

ভারপ্রাপ্ত অধ্যক্ষ আন্তাজ উদ্দিনের সভাপতিত্বে প্রধান অতিথির বক্তব্য রাখেন কুষ্টিয়া সিটি কলেজের স্থপতি ও পৌরসভার প্যানেল মেয়র আলহাজ্ব মতিয়ার রহমান মজনু।

এ সময় তিনি বলেন, মাহবুবউল আলম হানিফ একজন জননেতার প্রতিকৃতি। কুষ্টিয়ার উন্নয়নকে এগিয়ে নিয়েছেন প্রাণপন প্রচেষ্টায়।

এসময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন, সিটি কলেজের পৌরনীতি বিভাগের সহকারী অধ্যাপক হাসাবুল ইসলাম, ব্যবস্থাপনা বিভাগের সহকারী অধ্যাপক ওবাইদুর রহমান, বাংলা বিভাগের সহকারী অধ্যাপক মেহিত কুমার বিশ্বাস, ইসলামের ইতিহাস বিভাগের সহকারী অধ্যাপক ড. আরজুমান্দ আরা, আইসিটি বিভাগের সহকারী অধ্যাপক আশাদুল হকসহ শিক্ষক কর্মকর্তা ও কর্মচারীরা।

দোয়া মোনাজাত পরিচালনা করেন আইসিটি বিভাগের সহকারী অধ্যাপক আশাদুল হক।

কালীগঞ্জে স্বেচ্ছাসেবক দলের প্রতিনিধি সভা অনুষ্ঠিত

ঝিনাইদহের কালীগঞ্জে বাংলাদেশ জাতীয়তাবাদী স্বেচ্ছাসেবক দলের উপজেলা ও পৌর শাখার প্রতিনিধি সভা অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার সকাল ১১ টায় শহরের এম.ইউ কলেজিয়েট স্কুল প্রাঙ্গণে এ প্রতিনিধি সভা অনুষ্ঠিত হয়।

কালীগঞ্জ পৌর স্বেচ্ছাসেবক দলের সভাপতি তোফাজ্জেল হোসেন তপনের সভাপতিত্বে প্রতিনিধি সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন কেন্দ্রীয় স্বেচ্ছাসেবক দলের সহ-সভাপতি আলহাজ্ব মো. জামির হোসেন। প্রধান বক্তা হিসেবে বক্তব্য রাখেন কেন্দ্রীয় স্বেচ্ছাসেবক দলের সহ-সভাপতি মো. তৈয়েবুর রহমান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় যুগ্ম-সম্পাদক ডি.জেড.এম হাসান বিন শফিক সোহাগ, সহ-সাধারণ সম্পাদক মোফাজ্জেল হোসেন নিটল, আকরাম হোসেন, সহ-সাংগঠনিক সম্পাদক হাসিবুর রহমান মুন্না, এস.এম গালিব ইমতিয়াজ নাহিদ, সহ-সাধারণ সম্পাদক এ্যাডভোকেট শহিদুল ইসলাম, ইফতেখারুজ্জামান শিমুল, কোষাধ্যক্ষ আবু সাঈদ মো. কামরুজ্জমান জাপান, সহ-সাংগঠনিক সম্পাদক ইফতেখার সেলিম অগ্নি, ঝিনাইদহ জেলা স্বেচ্ছাসেবক দলের সভাপতি ও কেন্দ্রীয় সহ-সাংগঠনিক সম্পাদক সাজেদুর রহমান পপ্পু, সহ-সাংগঠনিক সম্পাদক

একরামুল হক হেলাল, রবিউল ইসলাম পলাশ, রবিউল ইসলাম প্রমুখ। প্রতিনিধি সভা পরিচালনা করেন ঝিনাইদহ জেলা স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক রেজাউল ইসলাম।

এ সময় কেন্দ্রীয় নেতৃবৃন্দ কালীগঞ্জ উপজেলা ও পৌর স্বেচ্ছাসেবক দলের বিভিন্ন পদে পদ প্রত্যাশীদের সাক্ষাতকার গ্রহণ করেন ও তাদের বক্তব্য শোনেন। উপজেলা ও পৌর শাখার নতুন কমিটি ঘোষণা করা হবে বলে কেন্দ্রীয় নেতারা জানান।

জীবননগরে প্রতিবন্ধীর মাঝে হুইল চেয়ার বিতরণ

প্রতিবন্ধী আঃ রহিম উপজেলা সমাজ সেবা অফিস থেকে পেল হুইল চেয়ার। প্রতিবন্ধী আঃ রহিম জীবননগর উপজেলার সীমান্ত ইউনিয়নের গয়েশপুর গ্রামের দিনমজুর হযরত আলীর ছেলে।

গতকাল মঙ্গলবার বিকাল সাড়ে ৪টার সময় সীমান্ত ইউনিয়ন সমৃদ্ধ যুব কমিটির আয়োজনে সীমান্ত ইউনিয়ন প্রবীণ কমিটির সভাপতি সাবেক ইউপি চেয়ারম্যান শাজাহানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে গয়েশপুর নবারুন ক্লাবের সামনে আনুষ্ঠানিক ভাবে প্রতিবন্ধী আঃ রহিমকে হুইল চেয়ার প্রদান করেন, জীবননগর উপজেলা সমাজ সেবা অফিসার মাসুদুর রহমান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বীর মুক্তিযোদ্ধা নুরুল ইসলাম মধু, সাংবাদিক মিঠুন মাহমুদ, তুহিনুজ্জামান প্রমুখ। উক্ত অনুষ্ঠানটি সার্বিক পরিচালনা করেন আশাদুজ্জামান লিটন।

জীবননগরে কালেক্টরেট সহকারী সমিতির মানববন্ধন

বাংলাদেশ কালেক্টরেট সহকারী সমিতির (বাকাসস) কেন্দ্রীয় কমিটি কতৃক ১১-১৬ গ্রেডের কর্মচারীদের পদবী পরিবর্তনসহ গ্রেড উন্নীতকরণের দাবিতে ৪দিন ব্যাপী কর্মবিরতি পালন করেছে।

গতকাল মঙ্গলবার সকাল ১০টার সময় বাংলাদেশ কালেক্টরেট সহকারী সমিতি (বাকাসস) জীবননগর উপজেলা শাখার আয়োজনে জীবননগর উপজেলা প্রশাসনিক ভবনের সামনে এ কর্মবিরতি পালন করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা নির্বাহী অফিসের অফিস সুপারিনটেনডেন্ট শাজাহান সিরাজ, সার্ট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর সালাউদ্দিন, অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর আব্দুল আউয়াল, সার্টফিকেট সহকারী নাজমা খাতুন এবং উপজেলা ভূমি অফিসের হারুন আর রশিদ ।